**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

## ঢাকা, রোববার ১১ ডিসেম্বর ২০১৬, ২৭ অগ্রহায়ণ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। অভিবাসীদের মর্যাদা ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে : প্রধানমন্ত্রী

২। প্রধানমন্ত্রীর ভারত সফর আগামী ফেব্রুয়ারিতে

৩। নিখোঁজ শিক্ষার্থীরা নজরদারিতে রয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী

৪। আইনবহির্ভূত হত্যা হলে কঠোর ব্যবস্থা : আইনমন্ত্রী

৫। শিক্ষার উন্নয়নে বেসরকারি উদ্যোগ ও সহযোগিতা প্রয়োজন : শিক্ষামন্ত্রী

৬। শিশুদের স্বপ্নের পৃথিবী তৈরি করতে দিন : সংস্কৃতি বিষয়ক মন্ত্রী

৭। শিশুদের রাতকানা রোগের হার একভাগের নিচে : স্বাস্থ্য ও পরিবারকল্যাণ প্রতিমন্ত্রী

৮। ২০১৮ সালের মধ্যে সবার ঘরে বিদ্যুৎ পৌঁছাবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

৯। ঈদে মিলাদুন্নবীর (সা.) ছুটি আগামী ১৩ ডিসেম্বর

১০। বাংলাদেশে বিনিয়োগে আসছে মালয়েশিয়ার ২০ প্রতিষ্ঠান

১১। বিশ্ব পর্বত দিবস আজ

চলমান পাতা-২

১। **অভিবাসীদের মর্যাদা ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে: প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আন্তর্জাতিক সম্প্রদায়কে অভিবাসীদের দুঃখ, দুর্দশা লাঘব করে তাদের মর্যাদা সুনিশ্চিত করতে একযোগে কাজ করতে হবে। যেহেতু ২০১৭ সালে জিএফএমডি বৈশ্বিক পর্যালোচনায় প্রবেশ করছে, সেহেতু আমাদের অবশ্যই অভিবাসীদের দুঃখ-দুর্দশা লাঘবে প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে এবং কাজ করতে হবে। তিনি বলেন, আমাদেরকে প্রত্যেক অভিবাসীর মর্যাদা এবং নিরাপদে তাদের চলাফেরা ও কাজ করার সুযোগও নিশ্চিত করা প্রয়োজন। গতকাল ১০ ডিসেম্বর শনিবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'নবম গ্লোবাল ফোরাম অন মাইগ্রেশন এন্ড ডেভেলপমেন্ট (জিএফএমডি)' শীর্ষক তিনদিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন অধিবেশনে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার, এশিয়ান এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে। **ভোরের কাগজ, সংবাদ, অবজারভার, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, এশিয়ান এজ**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **প্রধানমন্ত্রীর ভারত সফর আগামী ফেব্রুয়ারিতে**

আগামী ফেব্রুয়ারিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারত সফর করতে পারেন। ডিসেম্বরের দ্বিতীয় সপ্তাহে দিল্লি সফরের কথা থাকলেও তা পিছিয়ে গেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার এ সফরে দু'দেশের মধ্যে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ চুক্তি ও সমঝোতা স্বাক্ষরিত হতে পারে। গতকাল ১০ ডিসেম্বর শনিবার ভারতের পররাষ্ট্র প্রতিমন্ত্রী এম জে আকবর দেখা করে আসার পর প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম এ তথ্য জানিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৩। **নিখোঁজ শিক্ষার্থীরা নজরদারিতে রয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, মাদ্রাসাসহ সারাদেশে নিখোঁজ শিক্ষার্থীরা আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নজরদারিতে রয়েছে। নিখোঁজদের খুঁজে পাওয়ার বিষয়ে আশাবাদ ব্যক্ত করে মন্ত্রী বলেন, জঙ্গিদের খুঁজে বের করতে কাজ করে যাচ্ছে আইন-শৃঙ্খলা বাহিনী। মাদ্রাসার অনেক শিক্ষার্থী নিজের ইচ্ছায় পরিবার থেকে বিচ্ছিন্ন রয়েছে। গতকাল ১০ ডিসেম্বর শনিবার রাজধানীর গুলশানের একটি হোটেলে ঢাকা মহানগর উত্তর আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভায় মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.৮)।

৪। **আইনবহির্ভূত হত্যা হলে কঠোর ব্যবস্থা : আইনমন্ত্রী**

আইনবহির্ভূত হত্যা বা অত্যাচার যেটাই হোক না কেন সরকারের নজরে আনা হলে অত্যন্ত শক্ত হাতে ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী অ্যাডভোকেট আনিসুল হক। একই সঙ্গে বাংলাদেশে আশ্রয় নিতে আসা সব রোহিঙ্গাকে ফিরিয়ে দেওয়ার খবর সত্য নয় বলে জানিয়েছেন তিনি। গতকাল ১০ ডিসেম্বর শনিবার সিরডাপ মিলনায়তনে মানবাধিকার দিবস উপলক্ষে মানবাধিকার কমিশন আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৩)।

৫। **শিক্ষার উন্নয়নে বেসরকারি উদ্যোগ ও সহযোগিতা প্রয়োজন : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বাংলাদেশে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার জেন্ডার সমতা অর্জিত হয়েছে। প্রাথমিক পর্যায়ে শিক্ষার্থীদের মধ্যে ৫১ ভাগ মেয়ে এবং ৪৯ ভাগ ছেলে। মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের মধ্যে ৫৩ ভাগ মেয়ে এবং ৪৭ ভাগ ছেলে। এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ হচ্ছে শিক্ষার মান উন্নয়ন। এজন্য অবকাঠামোগত উন্নয়ন, উন্নত পরিবেশ এবং ভালো মানের শিক্ষক প্রয়োজন। শিক্ষার উন্নয়নে বেসরকারি উদ্যোগ ও জনগণের সহযোগিতাও জরুরি বলে উল্লেখ করেন তিনি। গতকাল ১০ ডিসেম্বর শনিবার মন্ত্রী রাজধানীর বেইলি রোডে সিদ্ধেশ্বরী গালর্স কলেজের সুবর্ণজয়ন্তী ও কৃতী ছাত্রী সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.৩,ক.৪)।

**৬।	শিশুদের স্বপ্নের পৃথিবী তৈরি করতে দিন : সংস্কৃতি বিষয়ক মন্ত্রী**

সংস্কৃতি বিষয়ক মন্ত্রী আসাদুজ্জামান নূর বলেছেন, আমরা শিশুদের সময় দেই না। তাদের ক্লাস আর হোম ওয়ার্কের মধ্যে আটকে রাখি। জিপিএ-৫ পাওয়া প্রধান লক্ষ্য হয়ে দাঁড়ায় ফলে তাদের সৃজনশীল কল্পনার জগৎ তৈরি হয় না। তারা যান্ত্রিক হয়ে যায়। এই অবস্থায় শিশুদের স্বাভাবিক বিকাশ বাধাপ্রাপ্ত হয় বলে মন্তব্য করেন আসাদুজ্জামান নূর। তিনি অভিভাবকদের শিশুর স্বপ্নের পৃথিবী ও কল্পনার জগৎ তৈরি করতে আহবান জানান। গতকাল ১০ ডিসেম্বর শনিবার জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত 'শিশুদের স্বপ্নের পৃথিবী' শীর্ষক চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ আহবান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩, ক. ১), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৬)।

**৭।	শিশুদের রাতকানা রোগের হার একভাগের নিচে : স্বাস্থ্য ও পরিবারকল্যাণ প্রতিমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ প্রতিমন্ত্রী জাহিদ মালেক বলেন, ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানোর মাধ্যমে শিশুদের রাতকানা রোগ থেকে রক্ষা করতে হবে। বর্তমানে ভিটামিন 'এ' এর অভাবজনিত রাতকানা রোগের হার শতকরা একভাগের নিচে রয়েছে বলে জানান স্বাস্থ্য ও পরিবারকল্যাণ প্রতিমন্ত্রী। গতকাল ১০ ডিসেম্বর শনিবার ঢাকা শিশু হাসপাতালে ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন। এর আগে শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাইয়ে তিনি এই কর্মসূচির উদ্বোধন করেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৩), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**৮।	২০১৮ সালের মধ্যে সবার ঘরে বিদ্যুৎ পৌঁছাবে : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, ২০১৮ সালের মধ্যে সবার ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছানো সম্ভব হবে। তিনি বলেন, দেশের বিদ্যুৎ উৎপাদন সক্ষমতা ১৫ হাজার মেগাওয়াটের মাইলফলক স্পর্শ করলেও জনগণের কাছে এর সুফল পৌঁছাতে আরও দুই-তিন বছর সময় প্রয়োজন হবে। গতকাল ১০ ডিসেম্বর শনিবার বিদ্যুৎ ও জ্বালানি সপ্তাহের চার দিনের বিভিন্ন আয়োজনের শেষ দিন সমাপনী অনুষ্ঠানে প্রতিমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৪)।

**৯।	ঈদে মিলাদুন্নবীর (সা.) ছুটি আগামী ১৩ ডিসেম্বর**

পবিত্র ঈদে মিলাদুন্নবীর (সা.) পূর্বঘোষিত সাধারণ ছুটি ১২ ডিসেম্বরের পরিবর্তে ১৩ ডিসেম্বর নির্ধারণ করে প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। বাংলাদেশের আকাশে ৩০ নভেম্বর রবিউল আউয়াল মাসের চাঁদ দেখা না যাওয়ায় ১৩ ডিসেম্বর ঈদে মিলাদুন্নবী পালনের ঘোষণা দেয় জাতীয় চাঁদ দেখা কমিটি। সে অনুযায়ী ১২ ডিসেম্বরের পরিবর্তে ১৩ ডিসেম্বর মঙ্গলবার সাধারণ ছুটির প্রজ্ঞাপন জারি করল সরকার। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১)।

**১০।	বাংলাদেশে বিনিয়োগে আসছে মালয়েশিয়ার ২০ প্রতিষ্ঠান**

বাংলাদেশে আরো নতুন নতুন বিনিয়োগের সম্ভাবনা দেখছে মালয়েশিয়া। দেশটির ২০টি প্রতিষ্ঠান এখানে বিনিয়োগে আসার বিষয়ে ইতিবাচক মনোভাব দেখিয়েছে। একক এবং এ দেশের ব্যবসায়ীদের সঙ্গে যৌথ উদ্যোগে এসব বিনিয়োগ হতে পারে। এর মধ্যে গাড়ির যন্ত্রাংশ তৈরি, খাদ্যপণ্য, সোলার, আবাসন খাতে তাদের আগ্রহ রয়েছে। গতকাল ১০ ডিসেম্বর শনিবার রাজধানীর একটি হোটেলে সাংবাদিক সম্মেলনে এসব তথ্য জানিয়েছে বাংলাদেশ মালয়েশিয়া চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (বিএমসিসিআই)। সূত্র-**ইত্তেফাক** (শেষ.পৃ, ক. ২), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১২,ক.১)।

**১১।	বিশ্ব পর্বত দিবস আজ**

আজ ১১ ডিসেম্বর বিশ্ব পর্বত দিবস। এবারের পর্বত দিবসের প্রতিপাদ্য বিষয় 'পাহাড়ি সংস্কৃতি : বৈচিত্র্য উদ্‌যাপন ও আত্মপরিচয় জোরদার'। পার্বত্য এলাকায় মানুষের জীবনমান উন্নয়ন ও টেকসই ভবিষ্যতকে সামনে রেখে জাতিসংঘ ২০০৩ সালে ১১ ডিসেম্বরকে আন্তর্জাতিক পর্বত দিবস হিসেবে ঘোষণা করে। সেই থেকে প্রতি বছর বিভিন্ন দেশে দিবসটি যথাযথ মর্যাদায় পালিত হয়ে আসছে। বাংলাদেশে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় দ্বিতীয়বারের মতো দিবসটি পালনের জন্য বিস্তারিত কর্মসূচি গ্রহণ করেছে। এ উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৪)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** আগামী বছরের মে মাস থেকে বিআরটিএ-এর কার্যক্রমের ৮০ শতাংশ অনলাইনে প্রকাশ করার সুসংবাদ তুলে ধরে এ সুবিধা গ্রামের মানুষের কাছে পৌছাতে দেশে ব্রডব্যান্ড নেটওয়ার্কের পরিধি ইউনিয়ন পর্যায় পর্যন্ত বিস্তৃত করার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ :** এনসিটিবির যাচাই প্রতিবেদনে মাদ্রাসার কয়েকটি পাঠ্যপুস্তক ও এর সহায়ক গাইড বইয়ে জঙ্গিবাদ উসকে দেয়ার মতো লেখা থাকার পরিপ্রেক্ষিতে উল্লেখিত বইগুলো পরিমার্জনের উদ্যোগ নেওয়ার সুপারিশ ।

গ. **জনকণ্ঠ :** মানবসম্পদ উন্নয়নে ২৩ মন্ত্রণালয়ের কার্যক্রম এক ছাতার নিচে নিয়ে আসার উদ্যোগকে সুবিবেচনা প্রসূত বলে উল্লেখ করে দক্ষ জনশক্তি তৈরিতে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার ওপর সবচেয়ে গুরুত্ব দেওয়ার আহ্বান ।

ঘ. **প্রথম আলো :** সিলেটের লাক্কাতুরা চা-বাগানে নতুন শিক্ষা প্রতিষ্ঠান সিলেট সরকারি উচ্চবিদ্যালয়ে বাগানের শ্রমিকদের সন্তানদের জন্য বিশেষ কোটার যৌক্তিক দাবি আমলে নিয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের প্রত্যাশা।

ঙ. **সমকাল :** সরকারি ক্রয়ে দুর্নীতির রাশ টানতে দুর্নীতি দমন কমিশনের সর্বশেষ প্রতিবেদনে শতভাগ ই-টেন্ডারিংসহ করা অন্যান্য সুপারিশ দ্রুত বিবেচনায় নেওয়ার প্রত্যাশা।

চ. **যুগান্তর :** ত্রুটিপূর্ণ ও বিপজ্জনক এলপি গ্যাস সিলিন্ডার বিক্রিতে জড়িত অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে জোরালো অভিযান অব্যাহত রাখার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** ২০১৮ সালের মধ্যে ৩০ হাজার নারী উদ্যোক্তাকে আইটিতে ট্রেনিংয়ের দ্বারা ব্যবসার পরিকল্পনা প্রণয়ন, পদোন্নতি এবং ব্যবস্থাপনার কাজে আইসিটি খাতের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার পদক্ষেপের সাফল্যের প্রত্যাশা।

জ. **ডেইলি সান :** দরিদ্র পরিবারের পাঁচ বছরের নিচের বয়সের পাঁচ হাজার শিশু প্রতি বছর নিউমোনিয়ায় মারা যাওয়ায় দরিদ্র পরিবারের শিশুদের রক্ষায় সরকারকে কার্যকর উদ্যোগ নেওয়ার পাশাপাশি এ ব্যাপারে ব্যাপক গণসচেতনতা গড়ে তোলার সুপারিশ।

ঝ. **ডেইলি স্টার :** ঢাকায় অভিবাসন বিষয়ক আন্তর্জাতিক সম্মেলনে মালয়েশিয়ায় অবস্থানরত বাংলাদেশি শ্রমিকদের যেসব সমস্যা তুলে ধরা হয়েছে, সেসব সমস্যার সমাধানে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা।

ঞ. **নিউজ টুডে :** নিত্যপ্রয়োজনীয় ওষুধের মূল্য ৫০ থেকে ১০০ ভাগ বেড়ে যাওয়ায় জনদুর্ভোগ বিবেচনায় নিয়ে এ বিষয়ে বিশেষ নীতিনির্দেশনা প্রণয়নের দ্বারা ওষুধের মূল্য যৌক্তিক করার সুপারিশ।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে বাংলাদেশে নারীর ক্ষমতায়নের হিসেব মেলে বর্ধিষ্ণু শ্রমশক্তিতে নারীর অংশ গ্রহণের বহর দেখে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত ‘নকল ওষুধে শিশুমৃত্যুর দায় নেবে কে’ শিরোনামের নিবন্ধে খন্দকার মুনতাসীর মামুন রিড ফার্মা মামলার রায়ের বিরুদ্ধে আপিল করে দোষীদের শাস্তি নিশ্চিত করে ওষুধে ভেজালকারীদের একটি বার্তা দিতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা